

## রোডম্যাপ তৈরি করে শিক্ষা প্রতিষ্ঠান খোলার দাবি ছাত্র ইউনিয়নের

নিজস্ব প্রতিবেদক

১৭ জানুয়ারি ২০২১ ০০:০০ | আপডেট: ১৭ জানুয়ারি ২০২১ ০০:০১

নতুন ধারার দৈনিক

আমাদের সময়

বিশেষজ্ঞদের মতামত নিয়ে স্বাস্থ্যবিধি মেনে শিক্ষা প্রতিষ্ঠান খুলে দেওয়ার রোডম্যাপ ঘোষণাসহ আট দফা দাবি জানিয়েছে ছাত্র ইউনিয়ন। গতকাল ঢাকা বিশ্ববিদ্যালয়ের মধুর ক্যান্টিনে আয়োজিত এক সংবাদ সম্মেলনে ইউনিয়নের কেন্দ্রীয় সংসদের নেতারা এসব দাবি জানান। তাদের অন্যান্য দাবি হলো- আবাসিক হল খুলে দিয়ে পরীক্ষা নেওয়া, বেতন-ফি মওকুফসহ অ্যাসাইনমেন্টের নামে নেওয়া ফি ফেরত দেওয়া, ফি আদায়কারী প্রতিষ্ঠানের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ, সেশনজট রোধে দ্রুত এইচএসসি পরীক্ষার্থীদের ফল প্রকাশসহ সব শিক্ষা প্রতিষ্ঠানে সেশনজট রোধে কার্যকর পদক্ষেপ গ্রহণ, পাঠ্যপুস্তকে সাম্প্রদায়িকীকরণ বন্ধ, সব বিশ্ববিদ্যালয়ে বাণিজ্যিক কোর্স বন্ধ এবং অগ্রাধিকারভিত্তিতে শিক্ষক-শিক্ষার্থীদের বিনামূল্যে টিকা দেওয়া। সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন সংগঠনের কেন্দ্রীয় সভাপতি ফয়েজ উল্লাহ। সংবাদ সম্মেলন থেকে আট দফা কর্মসূচিও ঘোষণা করা হয়। এগুলো হলো- ১৮ জানুয়ারি ঢাকায় মিছিল, ২৫ জানুয়ারি সারাদেশে অভিভাবক মতবিনিময়সভা করবে সংগঠনটি। এ ছাড়া তাদের আট দফা দাবির সমর্থনে আগামী ২৭ জানুয়ারি থেকে সারাদেশে গণস্বাক্ষর কর্মসূচি এবং শিক্ষা মন্ত্রণালয় বরাবর স্মারকলিপিও প্রদান করবেন সংগঠনটির নেতারা। বিশ্ববিদ্যালয় প্রতিবেদক

ভারপ্রাপ্ত সম্পাদক : মোহাম্মদ গোলাম সারওয়ার

১১৮-১২১, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮

ফোন: ৫৫০৩০০০১-৬ ফ্যাক্স: ৫৫০৩০০১১ বিজ্ঞাপন: ৮৮৭৮২১৯, ০১৭৬৪১১৯১১৪

ই-মেইল : news@dainikamadershomoy.com, editor@dainikamadershomoy.com

নতুন ধারার দৈনিক

আমাদের সময়

© সর্বস্বত্ব স্বত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৯

Privacy Policy